



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/12/2021

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো

গভর্নর কুওমো স্নাতক ও প্রারম্ভিক অনুষ্ঠানের জন্য হালনাগাদ নির্দেশনা ঘোষণা করেন

*1 মে থেকে কার্যকর, ইভেন্টের আকার ও অবস্থানের উপর ভিত্তি করে ইনডোর ও আউটডোর অনুষ্ঠানগুলি সীমিত ধারণ ক্ষমতার সঙ্গে অনুমোদিত হবে*

*সকল ইভেন্ট আয়োজক ও ভেন্যুগুলিকে কঠোর স্বাস্থ্য ও সুরক্ষা প্রোটোকল সাপেক্ষে অনুষ্ঠানের অয়োজন করতে হবে*

*বিস্তারিত নির্দেশনা [এখানে](#) পাওয়া যাচ্ছে*

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো আজ স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয় কর্তৃক আয়োজিত স্নাতক ও প্রারম্ভিক অনুষ্ঠানের জন্য নতুন হালনাগাদ নির্দেশনা ঘোষণা করেছেন। 1 মে থেকে কার্যকর, ইনডোর ও আউটডোর স্নাতক ও প্রারম্ভিক অনুষ্ঠানগুলি ইভেন্টের আকার ও অবস্থানের উপর নির্ভর করে সীমিত অংশগ্রহণকারী ধারণ ক্ষমতার সঙ্গে অনুমতি দেওয়া হবে, (যেমন, স্টেডিয়াম, এরিনা, শিল্প ও বিনোদন ভেন্যু)। সমস্ত ইভেন্ট সংগঠক ও অনুষ্ঠান আয়োজনকারী ভেন্যুগুলিকে অবশ্যই স্টেটের কঠোর স্বাস্থ্য ও সুরক্ষা প্রোটোকল অনুসরণ করতে হবে, যার মধ্যে রয়েছে ফেস মাস্ক, সামাজিক দূরত্ব, স্বাস্থ্য স্ক্রিনিং ও কন্টাক্ট ট্রেসিং তথ্যের সংগ্রহ। স্নাতক ইভেন্টগুলির জন্য বিস্তারিত নির্দেশনা [এখানে](#) পাওয়া যাচ্ছে।

"আমরা আবার শিক্ষাবর্ষের শেষের দিকে এগিয়ে যাচ্ছি যার অর্থ চলমান মহামারির প্রেক্ষাপটে প্রারম্ভিক অনুষ্ঠানগুলি নিরাপদে সম্পন্ন করা নিশ্চিত করার জন্য আমাদের কঠোর নিয়মের প্রয়োজন রয়েছে," **গভর্নর কুওমো বলেন।** "প্রতিদিন আরো বেশি মানুষকে টিকা দেওয়ার সাথে সাথে, আমরা আশার আলোর খুব কাছাকাছি আছি, তবে আমাদের সবাইকে সজাগ থাকতে হবে এবং আমি সবাইকে স্মার্ট উদযাপন করার আহ্বান জানাচ্ছি।"

ইনডোরে 100 জন অথবা আউটডোরে 200 জনের সামাজিক সমাবেশের সীমা অতিক্রম করে এমন ইভেন্টগুলির জন্য, ইভেন্ট আয়োজক ও ভেন্যুগুলিকে অবশ্যই স্থানীয় স্বাস্থ্য বিভাগকে অবহিত করতে হবে এবং উপস্থিতদের সাম্প্রতিক পরীক্ষার নেগেটিভ ফলাফলের প্রমাণ বা প্রবেশের আগে সম্পূর্ণ টিকাকরণের প্রমাণ দেখাতে হবে। এই নির্দেশনাগুলি ক্যাটারড অভ্যর্থনা, পারফর্মিং আর্টস ও ক্রীড়া

প্রতিযোগিতা সহ অন্যান্য একত্রিত বাণিজ্যিক ও সামাজিক ক্রিয়াকলাপের জন্য স্টেটের নির্দেশনার সাথে সামঞ্জস্যপূর্ণ।

### **আউটডোর ইভেন্টসমূহ:**

- আউটডোর ভেন্যুতে 500 জনেরও বেশি মানুষের বড় আকারের অনুষ্ঠান ধারণক্ষমতার 20 শতাংশের মধ্যে সীমাবদ্ধ থাকবে, যা মোট 2,500 বা তার বেশি ক্ষমতাসম্পন্ন ভেন্যুগুলিতে প্রযোজ্য।
- আউটডোর ভেন্যুতে 201-500 জনের মাঝারি মাপের অনুষ্ঠান ধারণক্ষমতার 33 শতাংশের মধ্যে সীমাবদ্ধ থাকবে।
- আউটডোর ভেন্যুগুলিতে 200 জন ব্যক্তি বা 2 জন শিক্ষার্থী পর্যন্ত ছোট আকারের অনুষ্ঠানগুলি ধারণক্ষমতার 50 শতাংশের মধ্যে সীমাবদ্ধ থাকবে। সাম্প্রতিক পরীক্ষার নেগেটিভ ফলাফলের প্রমাণ বা সম্পূর্ণ ভ্যাকসিন দেওয়ার প্রমাণ ঐচ্ছিক।

### **ইনডোর ইভেন্টসমূহ:**

- ইনডোর ভেন্যুগুলিতে তে 150 জনেরও বেশি লোকের বড় আকারের অনুষ্ঠান গুলি ক্ষমতার 10 শতাংশের মধ্যে সীমাবদ্ধ থাকবে, যা মোট 1,500 বা তার বেশি ধারণক্ষমতাসম্পন্ন ভেন্যুসমূহে প্রযোজ্য।
- অভ্যন্তরীণ স্থানে 101-150 জনের মাঝারি আকারের অনুষ্ঠান ধারণক্ষমতার 33 শতাংশের মধ্যে সীমাবদ্ধ থাকবে।
- ইনডোর ভেন্যুগুলিতে শিক্ষার্থী প্রতি 100 জন বা 2 জন উপস্থিতির ছোট আকারের অনুষ্ঠান ধারণক্ষমতার 50 শতাংশের মধ্যে সীমাবদ্ধ থাকবে। সাম্প্রতিক পরীক্ষার নেগেটিভ ফলাফলের প্রমাণ বা সম্পূর্ণ ভ্যাকসিন প্রদানের প্রমাণ ঐচ্ছিক।

এই ঘোষণাটি নিউ ইয়র্কের COVID-19 এ আক্রান্ত ও হাসপাতালে ভর্তির হার ক্রমাগত হ্রাসের মধ্যে অর্থনীতিকে আরও পুনরায় চালু করার জন্য গভর্নরের সাম্প্রতিক পদক্ষেপগুলির উপর ভিত্তি করে গড়ে উঠে। গভর্নর কুওমো ঘোষণা করেছেন যে বড় আউটডোর স্টেডিয়ামগুলিতে পেশাদার খেলাধুলা যেখানে 10,000 জন বা তারও বেশি সংখ্যক থাকে তাদের 20 শতাংশ ধারণক্ষমতায় পুনরায় খোলার অনুমতি দেওয়া হবে এবং ছোট, আঞ্চলিক স্পোর্টস ভেন্যুগুলি যেখানে ইনডোরে 1,500 মানুষ বা আউটডোরে 2,500 জন লোক রয়েছে তারাও আবার চালু করতে পারবেন, প্রাথমিক ধারণক্ষমতা ইনডোরে 10 শতাংশ এবং আউটডোরে 20 শতাংশের মধ্যে সীমাবদ্ধ থাকবে, এপ্রিল 1 থেকে শুরু হবে। গভর্নর এছাড়াও ঘোষণা করেছেন যে 2 এপ্রিল থেকে অনুষ্ঠান, শিল্প ও বিনোদন ভেন্যু 33 শতাংশ ধারণ ক্ষমতায়, ইনডোরে 100 জন ও আউটডোরে 200 জন পর্যন্ত উপস্থিতি নিয়ে পুনরায় খুলতে পারবে। উপরন্তু, 15 মার্চ, গভর্নর কুওমো ঘোষণা বিবাহের অভ্যর্থনা ও ক্যাটারিং ইভেন্টগুলি স্বাস্থ্য বিভাগ (Department of Health) এর নির্দেশনা অনুসরণ সাপেক্ষে বৃহত্তর স্কেল ইভেন্ট প্রসারিত হতে পারে।

আরো সংবাদ পেতে দেখুন [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)